উপজেলা পরিষদ কার্যালয়
চকরিয়া, কক্সবাজার।
তথ্যবাতায়ন www.chakaria.coxsbazar. gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং : ০৫.২০.২২১৬.০০১.০২.০১৭.২২-১১৮৯ তাং : ০৭ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ / ২২ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

বিষয় : উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২২ মাসের মাসিক সাধারণ সভা।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চকরিয়া উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২২ মাসের 'মাসিক সভা' আগামী ২৯/১২/২০২২খ্রিঃ (রোজঃ বৃহস্পতিবার) সকাল : ১০.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তন 'মোহনা'য় অনুষ্ঠিত হবে।

উক্ত তারিখ যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচি :

০১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
০২. গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।
০৩. বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা।
০৪. বিবিধ।

22/12/22

(জেপি দেওয়ান)
উপজেলা নির্বাহী অফিসার
চকরিয়া, কক্সবাজার।
☎ ০৩৪২২-৫৬০৫০

প্রাপক ঃ ..................................................................
..................................................................
..................................................................

স্মারক নং : ০৫.২০.২২১৬.০০১.০২.০১৭.২২- তাং : ০৭ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ / ২২ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৯৪, কক্সবাজার-০১ (চকরিয়া-পেকুয়া)।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। জেলা প্রশাসক, কক্সবাজার।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার জেলা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া।
০৮। সংরক্ষণ নথি।

উপজেলা নির্বাহী অফিসার
চকরিয়া, কক্সবাজার।

উপজেলা পরিষদ

চকরিয়া, কক্সবাজার।

# ডিসেম্বর/২০২২ মাসের পঞ্চম চকরিয়া উপজেলা পরিষদের ৪৪(চুয়াল্লিশ)তম উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : **জনাব ফজলুল করিম,** চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া।

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন 'মোহনা' চকরিয়া।

সভার তারিখ ও সময় : ২৯/১২/২০২২খ্রি: সকাল : ১০.৩০ ঘটিকা।

সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক'তে সন্নিবেশিত (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় ও তার উপর বিশদভাবে আলোচনান্তে কোনরূপ পরিবর্তন বা সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অত:পর বিভাগ ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১. | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প অনুমোদন সংক্রান্ত আলোচনা ঃ**<br>উপজেলা প্রকৌশলী, চকরিয়া সভাকে জানান, UGDP আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে অবকাঠামো উন্নয়নের জন্য উপ-প্রকল্প গ্রহণ করা হয়েছে। বরাদ্দকৃত অর্থ দিয়ে ৫(পাঁচ)টি অবকাঠামোর মধ্যে "বরইতলী ইউনিয়নের (সাহেবের বিল) কৃষি সেচ ড্রেইন" উপ-প্রকল্পের কাজ ডিজাইন ও প্রাক্কলন অনুযায়ী সম্পন্ন হয়। কাজ সমাপ্তের পর ঠিকাদারী প্রতিষ্ঠান ভ্যাট ও আইটি সহ ১০,০৬,২০০/- টাকা বিল দাখিল করেন। উক্ত বিল যাচাই বাছায়ের পর অনুমোদনের জন্য সভাকে অনুরোধ করেন। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সভায় উপস্থাপিত উপ-প্রকল্পটির বিলটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও চূড়ান্ত বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া। |
| ০২. | **উপজেলা কৃষি অফিস ঃ**<br>**উপজেলা কৃষি অফিসার, চকরিয়া জানান,** ২০২২-২০২৩ মৌসুমে ১৯৫০০ হে: আমন ধান আবাদ হয়েছে। আবাদকৃত আমন ধানের ৮০০ হে: কর্তন করা হয়েছে। কর্তনকৃত আমন ধানের ফলন ভাল। কর্তন চলমান আছে। ২০২২-২০২৩ মৌসুমে আগাম শীতকালীন শাকসবজির প্রায় ২০০০ হে: আবাদ হয়েছে। শীতকালীন শাক সবজির আবাদ চলমান আছে। রবি প্রণোদনা সরিষা ৬৫০ জন, গম ১০০ জন, ভুট্টা ৮০ জন বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দ অনুপাতে প্রত্যেক ইউনিয়নে বরাদ্দ দেওয়া হয়েছে। অগ্রাধিকার ভিত্তিতে প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকের তালিকা পাঠানোর জন্য অনুরোধ করা হলো। অদ্য তারিখ পর্যন্ত ইউরিয়া ৪৫ মে:টন, টিএসপি ১৩৩ মে:টন, এমওপি ৯০ মে:টন, ডিএপি ১৪২ মে:টন মজুদ আছে। বর্তমানে রাসয়নিক সারের কোন সংকট নাই। আসন্ন রবি মৌসুমে বোরো ধানের রোপনের আগে যাতে রাবার ড্যাম ফুলানো হয় সেদিকে নজর রাখার জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। | আমন আবাদের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে কৃষকদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ও স্লুইচ গেইট সমূহ নিয়মিত পরিদর্শন পূর্বক প্রতিবেদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, চকরিয়া। |
| ০৩. | **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ঃ**<br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চকরিয়া সভাকে জানান, ডুলাহাজারা ইউনিয়নের আরাকান সড়ক হতে কেন্দ্রীয় হরি মন্দি সড়ক উন্নয়ন কাজ বাস্তবায়ন কালে জায়গা জটিলতার কারণে কাজ সমূহ যথাসময়ে সমাপ্ত করা সম্ভব হয় নাই ও লক্ষ্যারচর ইউনিয়নের বায়তুর রহমান হেফজখানার উন্নয়ন কমিটির আবেদনের প্রেক্ষিতে উক্ত ভবনের রক্ষণাবেক্ষণ কাজের পরিবর্তে গাইড ওয়াল নির্মাণ প্রয়োজন। সেই প্রেক্ষিতে প্রাক্কলিত ব্যয় ঠিক রেখে রিকাস্ট প্রাক্কলন প্রস্তুত করা হয়। বর্তমানে ঠিকাদার উক্ত কাজ সমূহ সমাপ্ত করে চূড়ান্ত বিল পাওয়ার জন্য আবেদন করেন। এমতাবস্থায় উক্ত কাজ সমূহের চূড়ান্ত বিল প্রদানের জন্য সভাকে অবহিত করা হয়। | উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রকল্প সমূহের চাহিদা মোতাবেক রিকাস্ট প্রাক্কলন অনুমোদন ও উক্ত কাজ সমূহের চূড়ান্ত বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া।<br>২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চকরিয়া। |
| ০৪. | **ত্রাণ বিভাগ ঃ**<br>**উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চকরিয়া** সভাকে জানান, সম্প্রতি ঘূর্ণিঝড় 'সিত্রাং' চকরিয়া উপজেলা অতিক্রম করেছে। যার প্রভাবে ক্ষয়ক্ষতির তথ্য প্রেরণ করা হয়েছে। ইজিপিপি প্লাস(+) এর কাজ অত্র উপজেলায় একযোগে গত ১০/১০/২০২২খ্রি: তারিখ শুরু হয়েছে। সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। গ্রামীণ অবকাঠামো সংস্কার ও মেরামত প্রকল্পের কাজ চলমান আছে। জেলেদের VGF বিতরণ সমাপ্ত হয়েছে। সকল ইউনিয়ন পরিষদ হতে মাস্টারোল দাখিল করতে অনুরোধ করেন। | কাবিখা/কাবিটা প্রকল্পের দ্রুত প্রাক্কলন প্রস্তুত পূর্বক অনুমোদন গ্রহণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চকরিয়া। |
| ০৫. | **উপজেলা স্বাস্থ্য ও প: প: বিভাগ ঃ**<br>**উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, চকরিয়া** এর প্রতিনিধি সভাকে জানান, হাসপাতালের জরুরী বিভাগে অতিরিক্ত রোগীর চাপ সামলাতে গিয়ে প্রায়ই | ১। জরুরী বিভাগে অতিরিক্ত রোগীর চাপ সামলাতে ও অপ্রীতিকর পরিস্থিতি | ১। মেয়র, চকরিয়া পৌরসভা। |

| | | | |
|---|---|---|---|
| | অপ্রীতিকর পরিস্থিতির সৃষ্টি হচ্ছে। যা স্বল্প জনবল নিয়ে সামাল দিতে অসুবিধা হচ্ছে। জরুরী বিভাগের সামনে সার্বক্ষনিক দুই জন আনসার সদস্য এর অবস্থান নিশ্চিত করা প্রয়োজন।<br>**চেয়ারম্যান, সুরাজপুর-মানিকপুর ইউপি** সভাকে জানান, সুরাজপুর ৬নং ওয়ার্ডে কমিউনিটি ক্লিনিকের সহিত যোগাযোগ বিচ্ছিন্ন থাকায় সাধারণ জনগণ স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিত হচ্ছে। এমতাবস্থায় সুরাজপুর ৬নং ওয়ার্ডে একটি কমিউনিটি ক্লিনিক স্থাপন করা প্রয়োজন। | রোধে মেয়র, চকরিয়া পৌরসভা হাসপাতালে দুই জন আনসার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। সুরাজপুর ৬নং ওয়ার্ডে নতুন একটি কমিউনিটি ক্লিনিক স্থাপন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২। উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, চকরিয়া। |
| ০৬. | **উপজেলা সমাজসেবা অধিদপ্তর ঃ**<br>**উপজেলা সমাজসেবা কর্মকর্তা, চকরিয়া** সভাকে জানান, ২০২২-২০২৩ অর্থ বছরের সবধরণের ভাতার ১ম কিস্তির টাকা সফলভাবে প্রেরণ করা হয়েছে। যার পরিপ্রেক্ষিতে ১ম কিস্তির টাকা বিতরণ চলমান রয়েছে। সামাজিক নিরাপত্তা খাতে অডিট আপত্তি প্রাপ্ত কম বয়স্ক ভাতাভোগীদের প্রতিস্থাপন করা হয়েছে। তিনি আরো জানান, সুদমুক্ত ক্ষুদ্র ঋণ কর্মসূচিতে অনাদায়ী ব্যক্তিদের বার বার মৌখিকভাবে বলার পরও তারা ঋণ পরিশোধ করছে না। সেই ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করার জন্য তাদের তালিকা করা হয়েছে।<br>**চেয়ারম্যান, সুরাজপুর-মানিকপুর ইউপি** সভাকে জানান, সুরাজপুর-মানিকপুর ইউনিয়নের ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত সুরাজপুর-মানিকপুর ইসলামিয়া হেফজখানা ও এতিমখানায় ইউপি চেয়ারম্যান এতিম নিবাসীদের ভূঁয়া মৃত্যু সনদপত্র দিয়েছেন বলে এতিম নিবাসীর পিতাগণ মামলা করেছে। যাহা সত্য নয়। এ বিষয়ে উপজেলা সমাজসেবা কার্যালয়ে কোন ধরণের কাগজপত্রের ঘাটতি নাই। প্রকৃতপক্ষে একজন এতিম ক্যাপিটেশন গ্র্যান্ট পাওয়ার জন্য ভর্তি কমিটির অনুমোদন স্বাপেক্ষে ক্যাপিটেশন গ্র্যান্ট পাওয়ার যোগ্য হয়। তাছাড়া সুরাজপুর-মানিকপুর এতিমখানার এতিম সংক্রান্ত যে সমস্যা হয়েছে তা নিয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় ও উপজেলা সমাজসেবা অফিসার স্বরেজমিনে পরিদর্শনের প্রেক্ষিতে বর্তমানে প্রাপ্ত ক্যাপিটেশন গ্র্যান্ট স্থগিত রয়েছে। পরবর্তীতে সমাধান না হওয়া পর্যন্ত এভাবেই চলমান থাকবে। | ১। সুদমুক্ত ক্ষুদ্র ঋণ কর্মসূচিতে অনাদায়ী ব্যক্তিদের তালিকা অনুযায়ী ঋণ আদায়ের জন্য চিঠি ইস্যু করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত হেফজখানা ও এতিমখানা গুলি পরিদর্শন পূর্বক কাগজপত্র সঠিক আছে কিনা দেখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, চকরিয়া। |
| ০৭. | **খাদ্য বিভাগ ঃ**<br>**উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চকরিয়া** সভাকে জানান, ভিজিডি খাতে গত জুলাই/২২ হতে অক্টোবর/২২ পর্যন্ত সর্বমোট ০৪ মাসের চাল সম্পূর্ণ উত্তোলন করেছেন। খাদ্য বান্ধব খাতে সেপ্টেম্বর/২২ থেকে কার্যক্রম চলমান আছে। খোলা বাজারে ওএমএস চাল বিক্রয় কার্যক্রম সেপ্টেম্বর/২২ থেকে চলমান রয়েছে। জেলেদের মৎস্য ভিজিএফ খাতে সম্পূর্ণ চাল উত্তোলন করেছেন। জি.আর ও কাবিখা খাতে চাল উত্তোলনও চলমান আছে। খাদ্য বান্ধব খাতে কর্মসূচির বাদ পড়া ভোক্তার স্থলে নতুন তালিকা সংগ্রহ চলমান রয়েছে। গুদামের মজুদের পরিমান চাল (আতপ) আমদানীকৃতসহ ১০৭৭.০০০ মে:টন, চাল (সিদ্ধ) ৯২.০০০ মে:টন, গম ৯৬.০০০ মে:টন। | ১। খোলা বাজারে ওএমএস চাল বিক্রয় কার্যক্রম সম্পর্কে ইউপি চেয়ারম্যানগণ কে অবহিত করার ও ইউপি চেয়ারম্যানগণের নিকট থেকে প্রত্যয়ন নেওয়া সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। চাল কম দেওয়ার বিষয়ে সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে ডিলারদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চকরিয়া। |
| ০৮. | **উপজেলা প্রাণি সম্পদ বিভাগ ঃ**<br>**উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চকরিয়া** সভাকে জানান, অক্টোবর/২২ মাসে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে গবাদি পশুর টিকা প্রয়োগ হয় ১১৬৮টি, হাঁস-মুরগীর টিকা প্রয়োগ হয় ১০০০০টি এবং গবাদি পশু চিকিৎসা প্রদান করা হয় ১৭৯১টি ও হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান হয় ১৩৬২৫টি। উন্নত জাতের ষাড়ের বীজ দ্বারা কৃত্রিম প্রজনন করা হয় ৪৫৪টি ও গবাদি পশুপাখি পালনকারিদের সমন্বয়ে ৪টি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। এছাড়াও হাসপাতালের চিকিৎসা সেবা ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>তিনি আরো জানান, হাসপাতালে সুশৃঙ্খলভাবে পশুপাখির চিকিৎসার জন্য একটি চিকিৎসা সেড প্রয়োজন। এ বিষয়ে উপজেলা পরিষদের কাছ থেকে সহযোগিতা কামনা করেন। | ১। গবাদি পশুর বিভিন্ন রোগের প্রাদুর্ভাব প্রতিরোধে মাঠপর্যায়ে খামারী ও সাধারণ জনগণের মাঝে গণসচেতনতা সৃষ্টি ও সদা সতর্ক থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। হাসপাতালে সুশৃঙ্খলভাবে পশুপাখির চিকিৎসার জন্য একটি চিকিৎসা সেড নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চকরিয়া। |
| ০৯. | **উপজেলা শিক্ষা অফিস ঃ**<br>**উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), চকরিয়া** অনুপস্থিত থাকায় কার্যপত্র পাওয়া যায়নি। | আগামী সভায় কার্যপত্র সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার, চকরিয়া। |
| ১০. | **মাধ্যমিক শিক্ষা অফিস ঃ**<br>**উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, চকরিয়া** অনুপস্থিত থাকায় কার্যপত্র পাওয়া যায়নি। | আগামী সভায় কার্যপত্র সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | মাধ্যমিক শিক্ষা অফিসার, চকরিয়া। |
| ১১. | **উপজেলা সমবায় অফিস ঃ**<br>**উপজেলা সমবায় অফিসার, চকরিয়া জানান,** নিবন্ধিত সমসাবয় সমিতি থেকে ২০২১-২০২২ অর্থ বছরে অডিট সেস্ আদায় ১২৫০০০/- টাকা, সিডিএফ আদায় ১৭৫০০০/- টাকা, মূসক আদায় ১৭০০/- টাকা। আশ্রয়ন প্রকল্প থেকে ২৭০০/- টাকা, কর্জ্ব আদায় করা হয়। ৭ই নভেম্বর জাতীয় সমবায় দিবস যথাযথ মর্যাদায় উদ্‌যাপন করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সন্তোষজনক ও স্বাভাবিকভাবে চলমান আছে। | আশ্রয়ন প্রকল্পের যাবতীয় সমস্যা সমাধানে উপজেলা পরিষদের সার্বিক সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, চকরিয়া। |

| | | | |
|---|---|---|---|
| ১২. | <u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ</u><br>**উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চকরিয়া** অনুপস্থিত থাকায় কার্যপত্র পাওয়া যায়নি। | আগামী সভায় কার্যপত্র সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প: প: কর্মকর্তা, চকরিয়া। |
| ১৩. | <u>মহিলা বিষয়ক বিভাগ ঃ</u><br>**উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চকরিয়া জানান,** তার দপ্তরে চলতি মাসে ভিজিডি চাল বিতরণ হচ্ছে, ২৫০২জন দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন মাসিক ৮০০/- টাকা হারে ভাতা প্রদান করা হচ্ছে, চকরিয়া পৌরসভায় ৫০০জন ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল হতে ৮০০/-টাকা হারে ভাতা প্রদান করা হচ্ছে, ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় সর্বমোট ১১৯৬০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে, আধুনিক দর্জি বিজ্ঞান (IGA) প্রকল্পে জুলাই/২২ হতে সেপ্টেম্বর/২২ পর্যন্ত ৫০জন প্রশিক্ষণ প্রদান ও দৈনিক ২০০/- টাকা হারে ক্রস চেকের মাধ্যমে সম্মানী প্রদান কার্যক্রম চলমান এবং কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে মোট ১৯টি ক্লাব রয়েছে। প্রতিটি ক্লাবে ১০জন কিশোর ও ২০ জন কিশোরী ত্রৈমাসিক ভিত্তিতে সর্বমোট ৫৭০জনকে প্রশিক্ষণ প্রদান চলমান আছে। | ভিজিডি কর্মসূচি, ক্ষুদ্র ঋণ কর্মসূচি, মাতৃত্বকালীন ভাতার কর্মসূচি, বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম সহ দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে বলা হল। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চকরিয়া। |
| ১৪. | <u>মৎস্য বিভাগ ঃ</u><br>**সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, চকরিয়া** সভাকে জানান, সম্প্রতি ঘূর্ণিঝড় সিত্রাংয়ে অত্র উপজেলার চিংড়ি চাষীরা ব্যাপক ক্ষতির সম্মুখীন হয়। উপজেলার উপকূলীয় বেড়িবাঁধ সমূহ খুবই দুর্বল, যার ফলে সামান্য দূর্যোগে চিংড়ি সেবা সমূহ ক্ষতিগ্রস্থ হচ্ছে। চিংড়ি আমাদের দেশের অর্থনীতির বিবেচনায় খুবই গুরুত্বপূর্ণ, তাই এই সম্পদ উন্নয়নে বেড়িবাঁধ সমূহ শক্তিশালী করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ জরুরী।<br>তিনি আরো জানান, জেলেদের তালিকা হালনাগাদ করার জন্য ইউপি চেয়ারম্যানগণ মৃত, পেশা পরিবর্তন জেলেদের তালিকা মৎস্য অফিসে প্রেরণ করবেন। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। | ১। উপকূলীয় বেড়িবাঁধ সমূহ শক্তিশালী করতে এসও, পানি উন্নয়ন বোর্ড, চকরিয়া প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। জেলেদের তালিকা হালনাগাদ করার জন্য ইউপি চেয়ারম্যানগণ মৃত, পেশা পরিবর্তন জেলেদের তালিকা মৎস্য অফিসে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, চকরিয়া।<br>২। এসও, পানি উন্নয়ন বোর্ড, চকরিয়া।<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল), চকরিয়া। |
| ১৫. | <u>যুব উন্নয়ন অধিদপ্তর ঃ</u><br>**উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, চকরিয়া** সভাকে জানান, ২০২১-২০২২ অর্থ বছরে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ৬০ জন, ক্রমপুঞ্জিত ৬৮২৮ জন, ঋণ বিতরণ ১৬১০০০০/- টাকা, ক্রমপুঞ্জিত ৫৪৮৯৯৫০০/- টাকা, ঋণ আদায়ের হার চলমান ১০০%, ক্রমপুঞ্জিত ৯৪%। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে।<br><br>**চেয়ারম্যান, বদরখালী ইউপি,** সভাকে জানান, বদরখালী যুব উন্নয়ন কর্তৃক ইজারাকৃত পুকুরের ফাঁড়ি ০৩টি পাঁকা স্থাপনা তৈরী করে সরকারী জায়গা বেদখল করা হচ্ছে। জরুরী ভিত্তিতে উক্ত অবৈধ স্থাপনা উচ্ছেদ করা প্রয়োজন। | ১। চলমান কার্যক্রম আরো গতিশীল করার ও নিয়মিত মাসিক সভায় অগ্রগিত সম্পর্কে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। বদরখালী ইউপি চেয়ারম্যানের অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক সরকারি জায়গায় অবৈধ স্থাপনা নির্মাণ করা হলে তা উচ্ছেদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, চকরিয়া। |
| ১৬. | <u>পল্লী উন্নয়ন অফিস ঃ</u><br>**উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চকরিয়া** অনুপস্থিত থাকায় কার্যপত্র পাওয়া যায়নি। | আগামী সভায় কার্যপত্র সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চকরিয়া। |
| ১৭. | <u>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ঃ</u><br>**সহকারি প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চকরিয়া জানান,** সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ ২০২১-২০২২ অর্থ বছরে ৩৫০টি গভীর নলকূপ এর কাজ শেষ হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরের ৪৬৮টি গভীর নলকূপ টেন্ডারের অপেক্ষায় আছে। টেন্ডার শেষ হলে, উপজেলা ওয়াটসান কমিটির মাধ্যমে তালিকা নেওয়া হবে। এছাড়া দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলমান আছে। | ২০২১-২০২২ অর্থ বছরের টিউবওয়েলের কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করবেন এবং প্রকল্পের কাজের অগ্রগতি সম্পর্কে আগামি সভার পূর্বে অবহিত করবেন। | সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য), চকরিয়া। |
| ১৮. | <u>উপজেলা পরিসংখ্যান অধিদপ্তর ঃ</u><br>**উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চকরিয়া** অনুপস্থিত থাকায় কার্যপত্র পাওয়া যায়নি। | আগামী সভায় কার্যপত্র সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | পরিসংখ্যান কর্মকর্তা, চকরিয়া। |
| ১৯. | <u>বিবিধ-০১ঃ</u><br>**চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া সভাকে জানান,** জনাব ফজলুল করিম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া এর জুলাই/২০২২ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত ০৬(ছয়) মাসের ৬১,২৫০/- টাকা, জনাব মকছুদুল হক চুট্টু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া এর জুলাই/২০২২ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত ০৬(ছয়) মাসের ৪৯,০৩৯/- টাকা ও জনাব জেসমিন হক জেসি, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া এর জুলাই/২০২২ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত ০৬(ছয়) মাসের ৪৮,২২৭/- টাকার ভ্রমণ ভাতার বিল দাখিল করেন। তিনি নীতিমালার আলোকে উক্ত ভ্রমণ ভাতার বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য অনুরোধ করেন। | উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ভ্রমণ ভাতার বিল সমূহ নীতিমালার আলোকে উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফজলুল করিম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চকরিয়া, কক্সবাজার।

স্মারক নং : ০৫.২০.২২১৬.০০০.০০.২০২২- ১১৯৪ তারিখ : ২৯/১২/২০২২খ্রি:

অনুলিপি ঃ সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হল।

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৯৪ নির্বাচনী এলাকা, বাংলাদেশ জাতীয় সংসদ, কক্সবাজার-১।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪. জেলা প্রশাসক, কক্সবাজার।
০৫. পুলিশ সুপার, কক্সবাজার।
০৬. সিভিল সার্জন, কক্সবাজার।
০৭. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কক্সবাজার।
০৮. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কক্সবাজার।
০৯. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, কক্সবাজার।
১০. সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, ইন্সপেকশন ও ইভ্যালুয়েশন উইং, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

জনাব ...................................... চকরিয়া, কক্সবাজার।

২৯/১২/22

(জেপি দেওয়ান)
উপজেলা নির্বাহী অফিসার
চকরিয়া, কক্সবাজার।
☎ ০৩৪২২-৫৬০৫০
✉ unochakaria2@gmail.com

২৯/১২/২০২২ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত ডিসেম্বর/২০২২ মাসের পঞ্চম উপজেলা পরিষদের ৪৪ তম উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থিতির স্বাক্ষর

| ক্র:নং | নাম, পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব মাসুদুল হক চৌধুরী ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, চকরিয়া | 01820-347354 | [signature] |
| ০২. | জনাব জেসমিন হক জেসমিন মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, চকরিয়া | 01815-558093 | জেসমিন |
| ০৩. | মোহাম্মদ আমির হোসেন - এফ এ ইসলামিক ফাউন্ডেশন | 01818368163 | [signature] |
| ০৪. | মোঃ আল- আমিন বিশ্বাস উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী চকরিয়া, কক্সবাজার | 01629290835 | [signature] |
| ০৫. | রিফাত আলম বিশ্বাস - উপজেলা তথ্য সেবা কর্মকর্তা উপজেলা তথ্যকেন্দ্র | 01313704530 | [signature] |
| ০৬. | ইশরাত জাহান মুক্তি কৃষি সম্প্রসারণ অফিসার উপজেলা কৃষি অফিস, চকরিয়া | 01787-875708 | [signature] |
| ০৭. | মোহাম্মদ শাহনেওয়াজ চেয়ারম্যান [illegible] | 01715-720192 | [signature] |
| ০৮. | [illegible] চৌধুরী চেয়ারম্যান [illegible] | 01857725246 | [signature] |
| ০৯. | দীপক কুমার দাশ লিডার, চকরিয়া দাশ | 01811982749 | [signature] |
| ১০. | ডা. [illegible] আহমদ [illegible] বি.জি.চ | 01706555353 | [signature] |
| ১১. | এস. এম. [illegible] চৌধুরী - [illegible] | 01811169576 | [signature] |
| ১২. | মেহরাজ উদ্দিন চেয়ারম্যান, হারবাং | 01912530167 | [signature] |
| ১৩. | মুহাম্মদ আবদুর রহমান [illegible] | 01890087374 | [signature] |

২৯/১১/২০২২ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত নভেম্বর/২০২২ মাসের পঞ্চম উপজেলা পরিষদের ৪৪তম উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থিতির স্বাক্ষর

| ক্রঃনং | নাম, পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৪. | [illegible] প্রধান - চেয়ারম্যান [illegible] ইউপি | 01858560912 | [signature] |
| ১৫. | মো: [illegible] আলী - সহকারী [illegible] চকরিয়া. | 01816-517259 | [signature] |
| ১৬. | মোহাম্মদ মনিরুজ্জামান উপজেলা [illegible] (মাধ্যমিক) চকরিয়া, কক্সবাজার | 01817769909 | [signature] |
| ১৭. | [illegible] পৌর নির্বাহী কর্মকর্তা চকরিয়া পৌরসভা | 01711-245313 | [signature] |
| ১৮. | [illegible] | [illegible] | [signature] |
| ১৯. | [illegible] চেয়ারম্যান, [illegible] | 01822213484 | [signature] |
| ২০. | [illegible] | 01716959695 | [signature] |
| ২১. | [illegible] চেয়ারম্যান, [illegible] | 01715879000 | [signature] |
| ২২. | ডা. নুরুল [illegible] RMO, UHC, Chakaria | 01833906000 | [signature] |
| ২৩. | ডা. মোহাম্মদ [illegible] উদ্দিন উপজেলা প্রাণিসম্পদ অফিসার | 01719-142298 | [signature] |
| ২৪. | [illegible] উপজেলা [illegible] | 01864657572 | [signature] |
| ২৫. | [illegible] - UWAO | 01716598620 | [signature] |
| ২৬. | নুরুল কবির পরিসংখ্যান তদন্তকারী | 01815226353 | [signature] |

২৭/১১/২০২২ খ্রি: তারিখ অনুষ্ঠিত নভেম্বর/২০২২ মাসের পঞ্চম উপজেলা পরিষদের ৪৪তম উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থিতির স্বাক্ষর

| ক্র:নং | নাম, পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২৭. | মো: আশরাফ আলী<br>উপ- সহকারী প্রকৌশলী<br>পল্লী বিদ্যুৎ চকরিয়া | 01718-636492 | [illegible] |
| ২৮. | মো: সাইফুর রহমান,<br>সহ: রেঞ্জ কর্মকর্তা,<br>ফুলছড়ি রেঞ্জ, কক্সবাজার উ: বন বিভাগ | 01818972947 | Rahman |
| ২৯. | অবনী কুমার রায়<br>সহঃ রেঞ্জ অফিসার<br>কাঁকিয়াপাড়া রেঞ্জ | 01711 385452 | [illegible] |
| ৩০. | খন্দকার জাফর ইকবাল<br>ইমামবেগ<br>সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর | 01608011538 | [illegible] |
| ৩১. | মুহাম্মদ ইদ্রিছ<br>শাখা ব্যবস্থাপক<br>পল্লী সঞ্চয় ব্যাংক | 01938879534 | [illegible] |
| ৩২. | মো: আবদুল মজিদ<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার | 01917890369 | [illegible] |
| ৩৩. | জাহাঙ্গীর আলম<br>উপজেলা সমবায় অফিসার | 01819-895874 | [illegible] |
| ৩৪. | মোহাম্মদ হুমায়ুন কবির<br>উপজেলা প্রকৌশলী | 01885656333 | [illegible] |
| ৩৫. | মো. বাহাদুরুজ্জামান<br>কৃষি সম্প্রসারণ অফিসার | 01779096087 | [illegible] |
| ৩৬. | ডা মো: মোস্তাকিম বিল্লাহ<br>ভেটেরিনারী সার্জন | 01626064724 | [illegible] |
| ৩৭. | Nandan Paul<br>ULAO, | 01812278860 | [illegible] |
| ৩৮ | Md. Nazrul. Islam<br>USEO | 01712946666 | [illegible] |
| ৩৯. | Bidhan Kanti Rudra<br>UFPO | 01819724280 | [illegible] |